# সুনান আদ-দারাকুতনী

## হাদিস নাম্বারঃ ১১৪৪

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. নামাযে উচ্চস্বরে বিসমিল্লাহির রহমানির রাহীম পড়া ওয়াজিব এবং এ সম্পর্কে হাদীসসমূহের বিভিন্নতা

بَابُ وُجُوبِ قِرَاءَةِ ( بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ) فِي الصَّلَاةِ ، وَالْجَهْرِ بِهَا ، وَاخْتِلَافِ الرِّوَايَاتِ فِي ذَلِكَ

আরবী

حَدَّثَنَا أَبُو طَالِبٍ الْحَافِظُ أَحْمَدُ بْنُ نَصْرٍ ، حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ مَنْصُورِ بْنِ أَبِي مُزَاحِمٍ ، ثَنَا جَدِّي ، ثَنَا أَبُو أُوَيْسٍ ، ح : وَحَدَّثَنَا أَبُو عَبْدِ اللَّهِ مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ الْفَارِسِيُّ ، ثَنَا عُثْمَانُ بْنُ خُرَّزَاذَ ، ثَنَا مَنْصُورُ بْنُ أَبِي مُزَاحِمٍ ـ مِنْ كِتَابِهِ ثُمَّ مَحَاهُ بَعْدُ ـ نَا أَبُو أُوَيْسٍ ، عَنِ الْعَلَاءِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَعْقُوبَ ، عَنْ أَبِيهِ ، عَنْ أَبِي هُرَيْرَةَ ؛ أَنَّ النَّبِيَّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ كَانَ إِذَا قَرَأَ وَهُوَ يَؤُمُّ النَّاسَ ، افْتَتَحَ الصَّلَاةَ بِ ( بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ) ، قَالَ أَبُو هُرَيْرَةَ : هِيَ آيَةٌ مِنْ كِتَابِ اللَّهِ ، اقْرَءُوا إِنْ شِئْتُمْ فَاتِحَةَ الْقُرْآنِ ؛ فَإِنَّهَا الْآيَةُ السَّابِعَةُ ، وَقَالَ الْفَارِسِيُّ : " إِنَّ النَّبِيَّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ كَانَ إِذَا أَمَّ النَّاسَ ، قَرَأَ ( بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ) " . لَمْ يَزِدْ عَلَى هَذَا

বাংলা

১১৪৪(১৭). আবু তালিব আল-হাফেজ আহমাদ ইবনে নাস্‌র (রহঃ) ... আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন লোকজনের ইমামতি করতেন, তখন বিসমিল্লাহির রহমানির রাহীম পড়ে (নামায) শুরু করতেন। আবু হুরায়রা (রাঃ) বলেন, এটি কুরআনের একটি আয়াত। তোমরা ইচ্ছা করলে সূরা আল-ফাতিহা পড়ো। কারণ এটা সাত আয়াতবিশিষ্ট। আল-ফারিসী (রহঃ) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন লোকজনের ইমামতি করতেন তখন বিসমিল্লাহির রহমানির রাহীম পড়তেন। এর অতিরিক্ত পড়তেন না।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80933

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন